

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবর্ষিকী উদ্ঘাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, ডিসেম্বর ১১, ২০২১

[একই তারিখ ও পত্র সংখ্যায় প্রতিষ্ঠাপিত হবে]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১০ অক্টোবর, ১৪২৮/২৫ নভেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

নং ৪৬.০০.০০০০.০৭১.২৭.০৩৫.২১.৭৬২—যেহেতু, গাজীপুর সিটি কর্পোরেশনের মেয়র
জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম এর বিবুদ্ধে ভূয়া টেড়ার, RFQ, বিভিন্ন পদে অযৌক্তিক লোকবল
নিয়োগ, বিশ্ব এন্টেমা উপলক্ষ্যে ভূয়া বিল ভাট্চারের মাধ্যমে ও একই কাজ বিভিন্ন প্রকল্পে দেখিয়ে অর্থ আত্মসাং
এবং প্রতি বছর হাট বাজার ইজারার অর্থ যথাযথভাবে নির্ধারিত খাতে জমা না রাখাসহ নানাবিধ অভিযোগ
উত্থাপিত হয়েছে; এবং

যেহেতু, ভূমি দখল ও ক্ষতিপূরণ ব্যতীত রাস্তা প্রশস্তকরণ সংক্রান্ত প্রাণ্ত অভিযোগটির বিষয়ে সিটি
কর্পোরেশনের মতামত জানতে চাওয়া হলে অদ্যাবধি কোন মতামত প্রদান করা হয়নি; এবং

যেহেতু, বর্ণিত অভিযোগসমূহ, ক্ষমতার অপব্যবহার, বিধি-নিষেধ পরিপন্থি কার্যকলাপ, দুর্নীতি ও
ইচ্ছাকৃত অপশাসন এর শামিল যা স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা
১৩(১)(ঘ) অনুযায়ী অপসারণযোগ্য অপরাধ; এবং

যেহেতু, ইতোমধ্যে বর্ণিত অভিযোগসমূহ তদন্ত কার্যক্রম শুরু করার মাধ্যমে স্থানীয় সরকার (সিটি
কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ১৩ ধারামতে অপসারণের কার্যক্রম আরম্ভ করা হইয়াছে;

সেহেতু, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ১২(১) অনুযায়ী সুষ্ঠু তদন্ত
কার্যক্রম পরিচালনার স্বার্থে জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম-কে গাজীপুর সিটি কর্পোরেশনের মেয়র
এর পদ হইতে সাময়িক বরখাস্ত করা হল।

(১৪৬৯৭)

মূল্য : টাকা ৮.০০

১৮৬৯৮

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, ডিসেম্বর ১১, ২০২১

স্থায়ীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ১২(২) অনুযায়ী এই আদেশ প্রাপ্তির
৩(তিনি) দিনের মধ্যে সাময়িক বরখাস্তকৃত মেয়র ক্রমানুসারে মেয়র প্যানেলের জ্যেষ্ঠ সদস্যদের নিকট
স্বীয় দায়িত্ব হস্তান্তর করিবেন।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোহাম্মদ জহিরুল ইসলাম
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিন্দীকা, উপপরিচালক, (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd